অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/1/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করেছেন যে দ্বিতীয় রাউন্ডের কোভিড-19 ত্রাণ নিউ ইয়র্কের সামুদ্রিক মৎস্য শিল্পকে 5.7 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিল প্রদান করবে

সামুদ্রিক মৎস্য ত্রাণ প্রোগ্রাম মহামারী সম্পর্কিত ব্যবসায়িক ক্ষতি মোকাবেলায় সরাসরি অর্থ প্রদান করবে

45-দিনের আবেদন সময়সীমা 1 ডিসেম্বর খুলবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কের সামুদ্রিক মৎস্য শিল্পকে আর্থিক ত্রাণ প্রদানের জন্য 2021 সালের সমন্বিত বরাদ্দ আইন (Consolidated Appropriations Act) দ্বারা স্থাপিত নিউ ইয়র্কের সামুদ্রিক মৎস্য ত্রাণ প্রোগ্রাম (New York's Marine Fisheries Relief Program থেকে অতিরিক্ত 5.7 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিল পাওয়া যাবে। উপযুক্ত সামুদ্রিক খাবার, বাণিজ্যিক সামুদ্রিক মৎস্য, সামুদ্রিক অ্যাকুয়াকালচার, এবং সামুদ্রিক বিনোদনমূলক ভাড়া দেওয়ার মৎস্য ব্যবসাগুলি 1 ডিসেম্বর থেকে তহবিলের জন্য আবেদন করা শুরু করতে পারবে। তহবিলটি করোনাভাইরাস সাহায্য, ত্রাণ, এবং অর্থনৈতিক নিরাপত্তা (Coronavirus Aid, Relief, and Economic Security, CARES) অ্যাক্টের 6.7 মিলিয়ন মার্কিন ডলারের সাথে সংযোজিত হলো, অর্থাৎ কোভিড-19 মহামারীর কারণে 2020 ও 2021সালে অত্যধিক ব্যবসায়িক ক্ষতির সম্মুখীন হওয়া নিউ ইয়র্কের সামুদ্রিক খাবার, সামুদ্রিক বাণিজ্য ও ভাড়া দেওয়ার মৎস্য শিল্পের সহায়তার জন্য মোট 12.4 মিলিয়ন মার্কিন ডলার থাকবে।

"কোভিড-19 প্রাণবন্ত পর্যটন, বাইরে খাওয়া এবং বিনোদনমূলক সুযোগের উপর নির্ভরশীল নিউ ইয়র্কের বাণিজ্যিক মৎস্য শিল্পকে বিঘ্নিত করেই যাচ্ছে," **গভর্নর হাকল বলেন।** "স্টেটের অর্থনৈতিক সাফল্যে দীর্ঘদিন ধরে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা ব্যবসা ও উপকূলীয় সম্প্রদায়সমূহকে সহায়তা করার জন্য তহবিলটি অত্যাবশ্যকীয়। আমার প্রশাসন নিউ ইয়র্কে সামুদ্রিক মৎস্য ও সামুদ্রিক খাবার শিল্পকে সমর্থন করার জন্য অঙ্গীকারবদ্ধ রয়েছে এবং সকল উপযুক্ত প্রার্থীকে আর্থিক সমর্থন প্রদান নিশ্চিত করতে নিরলস কাজ করে যাবে।"

নিউ ইয়র্কের সামুদ্রিক সংস্থানসমূহ রাজ্যের অর্থনীতির জন্য গুরুত্বপূর্ণ, যা প্রায় 350,000 চাকরির ব্যবস্থা করে এবং পর্যটন, মাছ ধরা ও অন্যান্য শিল্পের মাধ্যমে বহু বিলিয়ন ডলারের জোগান দেয়। সামুদ্রিক মৎস্য ত্রাণ প্রোগ্রাম থেকে মোট 12.4 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ নির্ণীত হয়েছে জাতীয় মহাসাগরীয় ও বায়ুমণ্ডলীয় প্রশাসন (National Oceanic and Atmospheric Administration, NOAA) ফিশারিজ দ্বারা, নিউ ইয়র্কের মৎস্য-সংক্রান্ত ব্যবসার

মোট গড় বার্ষিক মুনাফার উপর ভিত্তি করে, যা কোভিড-19 এর কারণে হওয়া শিল্পের মোট অর্থনৈতিক ক্ষতির প্রতিফলন করে না। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশন (New York State Department of Environmental Conservation, DEC) তহবিল বিতরণের ফ্রেমওয়ার্ক স্থাপনকারী উভয় নিউ ইয়র্ক মৎস্য ত্রাণ প্রোগ্রাম ব্যয় পরিকল্পনার (New York Fisheries Relief Program Spend Plans) অনুমোদন পাওয়ার জন্য NOAA ফিশারিজ ও আটলান্টিক স্টেটস সামুদ্রিক মৎস্য কমিশনের (Atlantic States Marine Fisheries Commission, ASMFC) সাথে যৌথভাবে কাজ করেছে।

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "শত শত বছর ধরে, নিউ ইয়র্কের মৎস্য শিল্প আমাদের অর্থনীতি ও সংস্কৃতিকে রূপদান করেছে। শিল্পগুলি সাম্প্রতিক দশকগুলিতে উল্লেখযোগ্য সমস্যা ও পরিবর্তনের সম্মুখীন হয়েছে, প্রযুক্তির অগ্রগতি এবং জলবায়ু পরিবর্তনের ঝুঁকির সাথে মানিয়ে নিয়েছে, এবং তারপরেও নিউ ইয়র্কবাসীর জন্য মূল্যবান পণ্য ও সেবা প্রদান করে গেছে। কোভিড-19 মহামারী আমাদের অর্থনীতিকে অনাকাঙ্ক্ষিত উপায়ে সমস্যার সম্মুখীন করেছে এবং এর প্রভাব আগামী অনেক বছর থেকে যাবে, এবং আজকের ঘোষিত তহবিল নিশ্চিত করবে যে স্টেটের মৎস্য শিল্পের কাছে তাদের ভবিষ্যৎ লিগেসি গড়তে থাকার একটি সুযোগ থাকবে।"

সিনেটর চাক শুমার বলেন, "এটি নিউ ইয়র্কের জেলেদের জন্য একটি বিরাট অর্জন। আমি গ্রেট লেকস থেকে লং আইল্যান্ড সাউন্ড পর্যন্ত ব্যবসাসমূহের জন্য ঐতিহাসিক 12.4 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল ত্রাণের ব্যবস্থা করতে পেরে গর্বিত। নিউ ইয়র্কের সামুদ্রিক মৎস্য শিল্প এখনো কোভিড-19 মহামারীর প্রভাবে ঢুকছে এবং এই নিবেদিত সহায়তা আমাদের সর্বপ্রাচীন ঐতিহ্যবাহী শিল্পগুলির একটিকে বিপদ কাটিয়ে পুনরুদ্ধার পাওয়া ও উজ্জ্বলতর ভবিষ্যতের দিকে এগিয়ে যেতে সাহায্য করবে।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "এই তহবিল নিউ ইয়র্কের সামুদ্রিক মৎস্য ক্ষেত্রে অতি প্রয়োজনীয় ত্রাণ প্রদান করবে। CARES অ্যাক্ট পাশ করাতে কাজ করার জন্য আমি গর্বিত এবং মহামারী থেকে আমাদের পুনরুদ্ধারের সময় নিউ ইয়র্কের ব্যবসাসমূহের জন্য আরো ফেডারেল তহবিল আনার জন্য কাজ করে যাবো।"

রিপ্রেজেন্টেটিভ আদ্রিয়ানো এস্পিয়াত বলেন, "আমরা যখন বিধ্বংসী মহামারীর ধাক্কা কাটিয়ে উঠছি, তখন আমাদের সামুদ্রিক মৎস্য শিল্প, স্থানীয় পর্যটন, এবং বিনোদনমূলক মাছ ধরা পুনঃস্থাপন করা আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য অত্যাবশ্যকীয়। আমি আমাদের স্থানীয় অফশোর ইকোসিস্টেম পুনঃস্থাপনে সাহায্য করার জন্য এবং একই সাথে নিউ ইয়র্কের কৃত্রিম রিফ প্রোগ্রাম (New York's Artificial Reef Program) ও পরিষ্কার পানি অবকাঠামো নির্মাণের মতো উদ্যোগ দ্বারা জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য প্রয়োজনীয় ফেডারেল সংস্থান উপলভ্য করতে ফেডারেল তহবিলের এই অতিরিক্ত রাউন্ড বরাদ্দ করার জন্য গভর্নর হোকলের আজকের প্রচেষ্টার প্রশংসা করছি।"

সকল সম্ভাব্য আবেদনকারীকে DEC এর ওয়েবসাইটে পোস্ট করা PDF থেকে সামুদ্রিক মৎস্য ত্রাণ প্রোগ্রামের ব্যয় পরিকল্পনার পর্যালোচনার নির্ণায়ক পড়ে দেখার জন্য উৎসাহিত করা

হচ্ছে। সামুদ্রিক মৎস্য ত্রাণ প্রোগ্রামের প্রথম রাউন্ডের বিজয়ী আবেদনকারীরা দ্বিতীয় রাউন্ডের জন্য আবেদন করতে পারবে। DEC-র ওয়েবসাইটেআবেদন পোস্ট করা আছে এবং সামুদ্রিক অনুমতি বহনকারী, স্টেকহোল্ডার পরামর্শক গোষ্ঠী, এবং অন্যান্য সম্ভাব্য উপযুক্ত পক্ষকে নোটিশ প্রেরণ করা হয়েছে। **1 ডিসেম্বর থেকে 2022 সালের 14 জানুয়ারি পর্যন্ত DEC আবেদন গ্রহণ করছে।**

ইলেক্ট্রনিক্যালি আবেদন পূরণের বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে DEC-র ওয়েবসাইটে। আরো তথ্যের জন্য, fisherydisaster@dec.ny.govএ যোগাযোগ করুন অথবা (631) 444-0473 নম্বরে কল করুন।

আবেদন সময়সীমা বন্ধ হলে, DEC যাদের আবেদন প্রত্যাখ্যান করা হয়েছে তাদের আপিল করার সুযোগ প্রদান করবে। DEC অনুমোদিত আবেদনকারীদের মধ্যে তহবিল বিতরণ করতে ASMFC-র সাথে কাজ করবে এবং সকল আবেদন প্রক্রিয়ার কাজ শেষ হলে একবারে সহায়তা প্রদান করা হবে। কিছু পুরস্কার গ্রহণকারী ফেডারেল অডিটের আওতাভুক্ত হতে পারে।

নিউ ইয়র্ক স্টেট বিনোদনমূলক মাছ ধরা বৃদ্ধি করা, সামুদ্রিক ইকোসিস্টেম পুনঃস্থাপন করা, লং আইল্যান্ডের অর্থনীতি জোরদার করা এবং জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য একাধিক প্রচেষ্টা করছে। যার মধ্যে রয়েছে নিউ ইয়র্কের কৃত্রিম রিফ প্রোগ্রাম সম্প্রসারণ, দেশের সর্ববৃহৎ অফশোর উইন্ড প্রোগ্রাম, পরিবেশ সুরক্ষা তহবিলে (Environmental Protection Fund) এবং পরিষ্কার পানির অবকাঠামোতে রেকর্ড পরিমাণ বিনিয়োগ, অফশোর ড্রিলিংয়ে নিষেধাজ্ঞা, মেনহ্যাডনের জন্য পার্স সেইনের ব্যবহার নিষিদ্ধ করতে 'বাঙ্কার বিল' পাশ করা, এবং লং আইল্যান্ড রেলরোড পুনঃস্থাপন উদ্যোগে (Long Island Shellfish Restoration Initiative) অব্যাহত অগ্রগতি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418